



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ফেনী  
ইআইআইএন: ১৩৩৪৬১ জা.বিশ্ব. কলেজ কোড: ৪১১২

ফোন : ০৩৩১৬২৬৪২  
মোবাইল : ০১৭৮৯০১২৬৩৫  
ইমেইল : [tcollegefeni@yahoo.com](mailto:tcollegefeni@yahoo.com)  
ওয়েব : [ttc.feni.gov.bd](http://ttc.feni.gov.bd)  
ফেসবুক : [www.facebook.com/trainingcollegefeni/](http://www.facebook.com/trainingcollegefeni/)



স্মারক নং : টিটিক-ফেনী/২০২২/১৬৬

তারিখ : ১৪ এপ্রিল ২০২২ খ্রি.

## বিজ্ঞপ্তি

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ফেনী'র ২০২১ শিক্ষাবর্ষের **বিএড (প্রফেশনাল)** শ্রেণির যে সকল প্রশিক্ষণার্থী পেশামূলক উপবৃত্তির জন্য আবেদন/তথ্য ফরম জমা দিয়েছেন তাঁদেরকে নিম্নোক্ত কয়েকটি বিষয়ে সংশোধিত/অসম্পূর্ণ/সম্পূরক তথ্য প্রদান ও নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশ দেওয়া যাচ্ছে।

- আগামী ১৭/০৪/২০২২ তারিখ সকাল ১১ টার মধ্যে কলেজে এসে নিজ দায়িত্বে ইনপুটকৃত ডাটা যাচাই করা ও 'শিক্ষার্থী ইউআইডি' সংগ্রহ করার জন্য নির্দেশ দেওয়া যাচ্ছে।
- ব্যাংক একাউন্টের হিসাবের শিরোনাম অবশ্যই সনদ অনুযায়ী হতে হবে। ব্যতিক্রম থাকলে আগামী ১৭/০৪/২০২২ তারিখের মধ্যে শুদ্ধ/পরিবর্তন করে নেওয়ার জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে।
- কয়েকজন প্রশিক্ষণার্থী অভিভাবক সম্পর্কিত তথ্য দেন নি। তাঁদের তথ্য ইনপুট দেওয়া সম্ভব হচ্ছে না।
- তথ্য ফরম, NID কার্ড, পরীক্ষার সনদ/নম্বরফর্দ ইত্যাদিতে নিজের, পিতার, মাতার নামসহ তথ্যে গরমিল পরিলক্ষিত হচ্ছে। এতে উপবৃত্তি প্রাপ্তিতে বিলম্ব বা বাতিল হতে পারে। শীঘ্রই এ ধরনের গরমিল বা ভুল ডকুমেন্ট নিজ দায়িত্বে সংশোধন করে নেওয়ার জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে।
- ব্যাংকসহ অন্যান্য তথ্যে গরমিলের কারণে বৃত্তি প্রাপ্তি ব্যাহত হলে কলেজ কর্তৃপক্ষ কোনো অবস্থাতেই দায় নেবে না।
- কোনো প্রশিক্ষণার্থী আজ (১৪/০৪/২০২২) খ্রি. তারিখে আবেদন/তথ্য ফরম জমা দিতে ব্যর্থ হলে আগামীকাল (১৫/০৪/২০২২) সকাল ১১:০০ টার মধ্যে জমা দিতে পারবেন।

এ ছাড়া তথ্য যাচাই করার সুবিধার্থে নিচের লিংকে ক্লিক করে বা QR কোডটি স্ক্যান করে পেশামূলক উপবৃত্তি সংক্রান্ত তথ্য (Google Form) পূরণ করুন।

<https://forms.gle/ZhWMNEs6xMcC5ve86>



**বিষয়টি জরুরি।**

  
১৪.০৪.২০২২

(মোহা. আখতার হোছাইন কুতুবী)  
উপাধ্যক্ষ ও অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ফেনী।